

## 🔳 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১১৩

১/ বিবিধ

## আরবী

احضروا الجمعة، وادنوا من الإمام، فإن الرجل ليكون من أهل الجنة فيتأخر عن الجمعة، فيؤخر عن الجنة وإنه لمن أهلها منكر بهذا اللفظ

رواه الطبراني في " المعجم الصغير " (ص 70) عن الحكم بن عبد الملك عن قتادة عن الحسن بن سمرة بن جندب مرفوعا. قال الطبراني "لم يروه عن قتادة إلا الحكم قلت: وهو ضعيف، وفيه علة أخرى وهي عنعنة الحسن وهو البصري فإنه مدلس وفيه مخالفة ثالثة في السند والمتن، وقد بينت ذلك في " الأحاديث الصحيحة " بلفظ " احضروا الذكر.. " (338) فأغنى عن الإعادة

## বাংলা

১১১৩। তোমরা জুম'আর সালাতে উপস্থিত হয়ে ইমামের নিকটবর্তী হও। কারণ তাতে ব্যক্তি অবশ্যই জান্নাতীদের অন্তর্ভুক্ত হবে। অতঃপর সে জুম'আর সালাত হতে পিছু হটে যাবে ফলে তাকে জান্নাত হতে পিছিয়ে দেয়া হবে। অথচ সে জান্নাতের অন্তর্ভুক্ত ছিল।

হাদীসটি এ বাক্যে মুনকার।

এটিকে ত্ববারানী "আল-মুজামুস সাগীর" গ্রন্থে (পৃঃ ৭০) হাকাম ইবনু আব্দিল মালেক হতে, তিনি কাতাদাহ হতে, তিনি হাসান হতে ... মারফূ' হিসেবে বর্ণনা করেছেন। ত্ববারানী বলেনঃ হাকাম ছাড়া অন্য কেউ কাতাদাহ হতে বর্ণনা করেনি।



আমি (আলবানী) বলছিঃ তিনি (হাকাম) দুর্বল। এছাড়া হাসান বাসরী আন্ আন্ করে বর্ণনা করেছেন, তিনি মুদাল্লিস বর্ণনাকারী। এ হাদীসটির সনদ ও ভাষার ক্ষেত্রে বিপরীতমুখী বর্ণনাও রয়েছে। যার বিস্তারিত বিবরণ "সিলসিলাতুস সাহীহা" গ্রন্থে (৩৩৮) দিয়েছি।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন